

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫০৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫০৫]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ৭: আসরের প্রথম ওয়াক্ত প্রসঙ্গ

أول وقت العصر

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ، قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْحَارِثِ، قَالَ: حَدَّثَنَا ثَوْرٌ، حَدَّثَنِي سُلَيْمَانُ بْنُ مُوسَى، عَنْ عَنطَاءِ بْنِ أَبِي رِيَّاحٍ، عَنْ جَابِرٍ، قَالَ: سَأَلَ رَجُلٌ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ مَوَاقِيتِ الصَّلَاةِ، فَقَالَ: صَلِّ مَعِيَ فَصَلَّى الظُّهْرَ حِينَ زَاغَتِ الشَّمْسُ، وَالْعَصْرَ حِينَ كَانَ فِيءُ كُلِّ شَيْءٍ مِثْلَهُ، وَالْمَغْرِبَ حِينَ غَابَتِ الشَّمْسُ، وَالْعِشَاءَ حِينَ غَابَ الشَّفَقُ، قَالَ: ثُمَّ صَلَّى الظُّهْرَ حِينَ كَانَ فِيءُ الْإِنْسَانِ مِثْلَهُ، وَالْعَصْرَ حِينَ كَانَ فِيءُ الْإِنْسَانِ مِثْلِيهِ، وَالْمَغْرِبَ حِينَ كَانَ قُبَيْلَ غَيْبُوبَةِ الشَّفَقِ، قَالَ عَبْدُ اللَّهِ بْنُ الْحَارِثِ: ثُمَّ قَالَ: فِي الْعِشَاءِ أُرَى إِلَى ثُلُثِ اللَّيْلِ .

تخريج دارالدعوة: سنن أبي داود/الصلاة ٢ (٣٩٥) (تعليقا ومختصراً)، (تحفة الأشراف: ٢٢١٧)، مسند احمد ٣/٣٥١ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 505 - صحيح

বাংলা

৫০৪. 'উবায়দুল্লাহ ইবনু সাঈদ (রহ.) জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি রাসূলুল্লাহ (সা.)-কে সালাতের নির্ধারিত সময় সম্পর্কে প্রশ্ন করল। তিনি বললেন, আমার সাথে সালাত আদায় কর। তারপর তিনি যুহরের সালাত আদায় করেন যখন সূর্য ঢলে গেল। অতঃপর 'আসরের সালাত আদায় করেন যখন প্রতিটি বস্তুর ছায়া তার সমান হয়ে গেল, মাগরিবের সালাত আদায় করেন যখন সূর্য অদৃশ্য হয়ে গেল এবং 'ইশার সালাত আদায় করেন যখন সূর্য অস্তমিত হওয়ার পর লালিমা অদৃশ্য হয়ে গেল। রাবী বললেন, (পরদিন) যুহরের সালাত আদায় করেন যখন মানুষের ছায়া তার সমান হলো, আসরের সালাত আদায় করেন যখন মানুষের ছায়া দ্বিগুণ

হলো। মাগরিবের সালাত আদায় করলেন লালিমা অদৃশ্য হওয়ার পূর্বে। আবদুল্লাহ ইবনু হারিস বলেন, তারপর বর্ণনাকারী 'ইশার সালাতের কথা উল্লেখ করেছেন এবং বলেছেন, তা রাতের এক তৃতীয়াংশের দিকে আদায় করেছেন বলে আমার মনে হয়।

English

7. The Beginning Of The Time For 'Asr

It was narrated that Jabir said: A man asked the Messenger of Allah (ﷺ) about the times of prayer. He said: 'Pray with me.' So he prayed Zuhr when the sun had passed its zenith, 'Asr when the shadow of a thing was equal to its height, Maghrib when the sun had set and 'Isha' when the twilight had disappeared. He said: Then he prayed Zuhr when the shadow of a man was equal in length to his height, 'Asr when the length of a man's shadow was twice his height, and Maghrib just before the twilight disappeared. (One of the narrators) 'Abdullah bin Al-Harith said: then he said: 'With regard to 'Isha' I think it is up to one-third of the night.' [1] [1] The speaker there is Thawr, who narrated it from 'Ata' from Jabir.

ফুটনোট

সহীহ: মুসনাদে আহমাদ ১৪৮৩২, সহীহ ইবনু খুযায়মাহ ৩৫৩, আবু দাউদ ৩৯৫, তিরমিযী ১৫০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86777>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন